



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
ফেনী সরকারি কলেজ, ফেনী

ওয়েব সাইট : [www.fgc.gov.bd](http://www.fgc.gov.bd)/ইমেইল : [fenigovcollege@yahoo.com](mailto:fenigovcollege@yahoo.com)

Facebook page : [Feni Govt. College, Feni.](https://www.facebook.com/Feni-Govt.-College-Feni)

তারিখ: ২৪ এপ্রিল, ২০২৪ খ্রি.

## সাধারণ ও মেধা বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের নতুন তথ্য এন্ট্রি ও তথ্য সংশোধন সংক্রান্ত বিজ্ঞপ্তি

ফেনী সরকারি কলেজে একাদশ-দ্বাদশ, স্নাতক (পাস), স্নাতক (সম্মান) শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বিভিন্ন শ্রেণিতে সাধারণ গ্রেড ও মেধা বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী ও মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে বৃত্তিপ্রাপ্ত হয়ে সাধারণ শিক্ষায় অধ্যয়নরত শিক্ষার্থীদের বৃত্তির অর্থ প্রাপ্তির জন্য MIS-Software এ আগামী ০৬ মে, ২০২৪ তারিখের মধ্যে কলেজের প্রশাসনিক ভবন এর নিচ তলায় ১০০৬ নং কক্ষে যোগাযোগ করে নতুন তথ্য এন্ট্রি করা যাবে।

### নিম্নলিখিত শর্তাবলীসমূহ :

- ১। বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে/১৮ বছরের নিচে শিক্ষার্থীদের পিতা/মাতার সাথে যৌথ নামে ব্যাংক হিসাব খুলতে হবে।
- ২। অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নিভুলভাবে পূরণ করতে হবে।
- ৩। বিকাশ, শিউরক্যাশ, নগদসহ এ ধরনের কোন এজেন্ট ব্যাংকের মোবাইল হিসাব নম্বর প্রদান করা যাবে না।
- ৪। শিক্ষার্থীর সর্বশেষ পরীক্ষার আইডি/রেজিস্ট্রেশন নম্বর, পরীক্ষার নাম ও সন সঠিকভাবে পূরণ করতে হবে।
- ৫। ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে।
- ৬। চেক বইয়ের ফটোকপি ও সর্বশেষ পাবলিক পরীক্ষার ফলাফল বিবরণী
- ৭। জন্মনিবন্ধন এর অনলাইন কপি, পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

### তথ্য সংশোধনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি

- ১। এসএসসি ও এইচএসসি পাসের এর মূল নম্বরফর্দের ফটোকপি
- ২। নিজ, পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্র
- ৩। বোর্ড কর্তৃক প্রদত্ত বৃত্তির গেজেট এর কপি
- ৪। চেক বইয়ের ফটোকপি রাউটিং নম্বরসহ।

বিশেষ দ্রষ্টব্য : যে সকল শিক্ষার্থীর অনলাইনে তথ্য প্রেরণ করা হয়েছে কিন্তু ব্যাংক একাউন্টে টাকা জমা হয়নি তাদের তথ্য সংশোধন ০৬ মে ২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত কলেজের প্রশাসনিক ভবন এর নিচ তলায় ১০০৬ নং কক্ষে যোগাযোগ করে সংশোধন করে নিতে হবে।



(প্রফেসর মোহাম্মদ মোজার হোসেইন-৩৩২৬)

অধ্যক্ষ

ফেনী সরকারি কলেজ, ফেনী